# মোহনগঞ্জ পৌরসভা কার্যালয়

মোহনগঞ্জ, নেত্রকোণা

স্থাপিতঃ ১৯৭৫খ্রি.।

স্মারকনং- মো-পৌ-স/২০২৫/১৬৯/১

তারিখ ঃ ১২/০৫/২০২৫খ্রি.

ইজারা বিজ্ঞপ্তি নং- ০৫/২০২৪-২০২৫(২য় পর্যায়), তারিখঃ ১২/০৫/২০২৫খ্রি.

এতদ্বারা মোহনগঞ্জ পৌর শিশু পার্ক ইজারা গ্রহনে ইচ্ছুক পার্ক পরিচালনায় অভিজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোহনগঞ্জ পৌরসভার নিয়ন্ত্রাধীন পৌর শিশু পার্ক নিম্ন বর্ণিত শর্তে **১ জুন, ২০২৫খ্রি. (১৮ জ্যৈষ্ঠ, ১৪৩২) হতে ১৩ এপ্রিল, ২০২৬খ্রি. (৩০ চৈত্র, ১৪৩২) পর্যন্ত ১০ মাস ১৩ দিন** অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত্ব সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র ফরম অফিস চলাকালীন মোহনগঞ্জ পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোহনগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), মোহনগঞ্জ, থানা কার্যালয়, মোহনগঞ্জ, সোনালী ব্যাংক, মোহনগঞ্জ শাখা, নেত্রকোণা এর দপ্তর হতে নির্ধারিত মূল্যে(অফেরৎ যোগ্য), নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী ক্রয় করা যাবে এবং দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোহনগঞ্জ ও মোহনগঞ্জ পৌরসভা কার্যালয়ের রক্ষিত বাক্সে বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐ দিন ৩.০০ ঘটিকায় মোহনগঞ্জ পৌরসভা কার্যালয়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে(যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। উল্লেখ্য যে, দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র ক্রয় করা যাবে না। বিস্তারিত বিবরণ, শর্তাবলী ও অন্যান্য বিষয়ে(যদি প্রয়োজন হয়) অফিস চলাকালীন নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/সংশোধন বা বাতিল করার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**ইজারার তালিকা, সম্ভাব্য মূল্য, ইজারার সন ও দরপত্র মুল্যের বিবরণঃ-**

| ক্রমিক নং | পার্কের নাম | ধার্য্যকৃত ইজারা মূল্য | ইজারার মেয়াদ | দরপত্রের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | মোহনগঞ্জ পৌর শিশু পার্ক | **১৭,৩৬,৯৮৬/-** | **১ জুন, ২০২৫খ্রি. (১৮ জ্যৈষ্ঠ, ১৪৩২) হতে ১৩ এপ্রিল, ২০২৬ খ্রি. (৩০ চৈত্র, ১৪৩২) পর্যন্ত ১০ মাস ১৩ দিন। মোট= ৩১৭ দিন** | **৪,২০০/-** |

**দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময়সূচীর বিবরণঃ-**

| দরপত্র আহ্বানের পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলে তারিখ ও সময় | দরপত্র খোলার স্থান ও সময় |
|---|---|---|---|
| ৪র্থ পর্যায় | ২৫/০৫/২০২৫খ্রি., বিকাল ৫.০০ ঘটিকা | ২৬/০৫/২০২৫খ্রি., দুপুর ২.০০ ঘটিকা | মোহনগঞ্জ পৌরসভা কার্যালয়, দুপুর ৩.০০ ঘটিকা |

১২/৫/২০২৫

(জুয়েল আহমেদ)

প্রশাসক

মোহনগঞ্জ পৌরসভা।

## শিশু পার্ক ইজারার শর্তাবলীঃ

১) উদ্বৃত দরের ১০০% টাকা যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে মেয়র, মোহনগঞ্জ পৌরসভার অনুকূলে বিডি/পে অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। উদ্বৃত দরের ১০% জামানত, ১৫% ভ্যাট ও ১০% আয়করের আলাদাভাবে বিডি/পে অর্ডারের মাধ্যেমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

২) অনুমোদিত ইজারাদারকে মোহনগঞ্জ পৌর পরিষদ কর্তৃক অনুমোদিত রেইট অনুযায়ী অর্থাৎ **প্রবেশ মূল্য- ২০/-(বিশ) টাকা, নাগর দোলা-৪০(চল্লিশ) টাকা, মেরি গো রাউন্ড- ৪০(চল্লিশ) টাকা, 9D মুভি-৬০(ষাট) টাকা এবং একজনের জন্য প্যাকেজ আকারে-১৪০/-(একশত চল্লিশ)** টাকা হিসাবে টোল আদায় করতে হবে। টোল আদায়ের চার্ট নিজ খরচে সর্বসাধারণের জ্ঞাতার্থে দৃশ্যমান স্থানে টাঙ্গিয়ে রাখতে হবে।

৩) মোহনগঞ্জ পৌর শিশু পার্ক সকাল ৮.০০ ঘটিকা হতে রাত ৮.০০ ঘটিকা পর্যন্ত পার্ক খোলা রাখা যাবে। তবে কর্তৃপক্ষ সময় সংশোধন করতে পারবেন।

৪) নির্বাচিত ইজারাদার কোন ক্রমেই অন্যের নিকট সাব-লিজ বা ইজারা বন্দোবস্ত দিতে পারবে না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্গন করা হয়। তবে তার ইজারা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫) অসম্পূর্ণ, অস্পষ্ট, কাটা-ছাটা, ঘসা-মাজা ও ওভাররাইটিং দরপত্র বাতিল করা যাবে।

৬) দরপত্রের সাথে ভ্যাট ও আয়করের হাল সনের সার্টিফিকেট এবং ইজারাদার/ঠিকাদার ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।

৭) পৌর শিশু পার্ক ইজারা চুক্তি সম্পাদনের পর ইজারাদার কর্তৃক পার্কের দখল বুঝে নেওয়ার সময় পার্কের চৌহদ্দীর মধ্যে সকল খেলনা, যন্ত্রাংশ, বৈদ্যুতিক জেনারেটর এবং অবকাঠামো যে অবস্থায় আছে মেয়াদ পুর্তির পর সে অবস্থায় ফেরৎ প্রদান করতে হবে।

৮) বৈদ্যুতিক মোটর চালিত খেলনা এবং বৈদ্যুতিক বাতি/বৈদ্যুতিক লাইন বিনষ্ট হলে বা কোন রূপ ক্ষতি সাধিত হলে ইজারাদার তার নিজ খরচে মেরামত কাজ সম্পন্ন করতে হবে।

৯) দর্শনার্থীদের মনোরঞ্জনের জন্য পার্কের অভ্যন্তরে আরো কোন আকর্ষণীয় খেলনা স্থাপনের প্রয়োজনীয়তা দেখা দিলে ইজারাদার তার নিজ খরচে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে স্থাপন করতে পারবে। উক্ত কাজের জন্য কোন অর্থ দাবি করতে পাবে না। ইজারা মেয়াদ পূর্তির পর স্থাপনকৃত খেলনা পৌর কর্তৃপক্ষ্যের সাথে আলোচনা স্বাপেক্ষে স্থানান্তর করতে পারবে।

১০) বিভিন্ন খেলনা বা যন্ত্রপাতি ব্যবহারের সময় শতর্কতা অবলম্বন করতে হবে যেন কোন দূর্ঘটনায় কারো ক্ষতি সাধিত না হয়। এরূপ কোন দূর্ঘটনায় ইজরাদার ক্ষতি পূরনে বাধ্য থাকবে।

১১) বর্জ্যপাত বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে দর্শনার্থীদের কোন প্রকার ক্ষতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২) শিশু পার্কে যেন কোন অসামাজিক কার্যকলাপ না হয় সে বিষয়ে ভলান্টিয়ারের মাধ্যমে নিয়ন্ত্রণ রাখতে হবে। এরূপ কোন কার্যকলাপ পরিলক্ষিত হলে ইজারা বাতিল করা হবে।

১৩) শিশু পার্কে ধুমপান বা কোন প্রকার মাদকসেবন করা যাবে না। ইজারাদার তা নিশ্চিত করবেন এবং দৃশ্যমান স্থানে সচেতনতা মূলক পোস্টার/ব্যানার টাঙ্গিয়ে রাখতে হবে।

১৪) শিশু পার্কে ক্ষতিকর প্রাণী যেমন- সাপ, বিচ্ছু ও অন্যান্য বিষাক্ত প্রাণী বিচরণ করতে না পারে সে বিষয়ে ইজারাদার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কোন বিষাক্ত প্রাণী দ্বারা দর্শনার্থীদের ক্ষতি সাধিত হলে তার দায়ভার ইজারাদার বহন করতে হবে।

১৫) প্রতি মাসের বিদ্যুৎ বিল পরিশোধ করে কর্তৃপক্ষের নিকট বিল ভাউচার প্রেরণ করতে হবে।

১৬) কোন খেলনা বা যন্ত্রাংশ ক্ষতি সাধিত হলে কিংবা বিদ্যুৎ বিল প্রদানে অনিহা প্রদর্শিত হলে ইজারাদার কর্তৃক ১০% জমাকৃত জামানতের অর্থ হতে কর্তন করে সকল ব্যয় সমন্বয় করা হবে।

১৭) খামের উপর দরপত্র দাতার নাম ও ঠিকানা স্পষ্ট ভাবে উল্লেখ করিতে হবে।

১৮) দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হবে।

১৯) ইজারাদার নিজ খরচে পার্কের সম্মুখ এবং পার্কের অভ্যন্তর পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

২০) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

২১) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২২) সরকারি নির্দেশনা মোতাবেক বিশেষ দিনে শিশু পার্ক জনসাধারণ/শিশুদের জন্য উন্মুক্ত রাখতে হবে।

বিঃ দ্রঃ উপরে উল্লেখিত শর্তাবলীর বিপরীতে কোন কার্যক্রম গ্রহনের মনমানসিকতা পোষনকারীদের দরপত্র ক্রয় করা থেকে বিরত থাকার জন্য পরামর্শ প্রদান করা হলো।

২৭/৫/২০২৫

(জুয়েল আহমেদ)
প্রশাসক
মোহনগঞ্জ পৌরসভা।

CS CamScanner